

হত্যা ঃ একটি তদন্ত

শুনছিস নাকি রাজা আসছেন,
ও বালক তুই জল ভরিস না
অমনি শব্দ ক'রে।

রাজা আসছেন,
রাজার সাথে রাজ---পেয়াদা
রাজার হাতে সুলক্ষ্য তীর
ওরে গোঁয়ার অন্ধ ছেলে
জল ভরিসনা অমন শব্দ ক'রে।

প্রতিবন্ধী আপনজন
বাবা ও মা, প্রতিবেশী-----
ঘরের ভেতর বসে বসে
নীচুস্বরে শব্দ বলে,
অথবা বুক--দপ--দপ গোনে।

অন্ধ ছেলে
বোকা ছেলে
ঘর পেরিয়ে
বন সাড়িয়ে
নদীর মধ্যে শব্দ করে জল ভরে।

তীরের মুখে মৃত্যু আছে
জেনেও
তবু শব্দ করে জল ভরে।
রাজা বলেন-----
মাইরি বলছি
হরিণ ভেবে মেরেছিলুম, ক্ষতিপূরণ দেব।

শুভেন্দু বিকাশ অধিকারী